যায়যায়দিন

তারিখ 1 FEB 2009
পৃষ্ঠা ১৫ কলাম ২




*চট্টগ্রামের ঐতিহ্যবাহী স্কুল অপর্ণা চরণ ও কৃষ্ণ কুমারী স্কুল ভেঙে বাণিজ্যিক ভবন নির্মাণের প্রতিবাদে গতকাল স্কুল ক্যাম্পাসে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট প্রতীকী অনশন করে – ফোকাস বাংলা*

# স্কুল ভেঙে বাণিজ্যিক ভবন তৈরির প্রতিবাদে চট্টগ্রামে অনশন

**চট্টগ্রাম অফিস**

চট্টগ্রাম সিটি করপোরেশন অপর্ণা চরণ ও কৃষ্ণকুমারী বালিকা উচ্চ বিদ্যালয়ে বাণিজ্যিক ভবন তৈরির পরিকল্পনা করেছে। আর এর প্রতিবাদে গতকাল বিপ্লবী বিনোদ বিহারীর আহ্বানে প্রতীক অনশন পালন করেছে চট্টগ্রামের বিভিন্ন ব্যক্তি ও সমাজ সংগঠন। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত স্কুলের সামনে এ অনশন অনুষ্ঠিত হয়।

বিপ্লবী বিনোদ বিহারী মেয়রের স্কুলের জায়গায় বাণিজ্যিক ভবন তৈরির পরিকল্পনাকে ধিক্কার জানান। তিনি এ প্রকল্পের সঙ্গে জড়িত ব্যক্তিদের পাগল নামে আখ্যায়িত করেছেন। তিনি আরো বলেন, সিটি মেয়রের একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ নগরবাসীর কাম্য নয়। স্কুল না ভেঙে সম্প্রসারণের পরামর্শ দেন তিনি।

মেয়র এ অপকর্ম যাতে না করতে পারেন সেজন্য সবার সহযোগিতা চেয়েছেন বিনোদ বিহারী।

প্রতীক অনশনে মুশতারী শফি, রাশেদ হাসান, আনন্দ নন্দী, হাসান মারুফ রুমি, চারণ সাংস্কৃতিক কেন্দ্র, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন সংহতি প্রকাশ করে। অনশনে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেয়।